# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**26 JULY 2025                    7:35—7:40 AM IST**

==========================================================

কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়া রাজ্যের সাতটি নতুন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ গতকাল গুয়াহাটি রাজভবনে আয়োজিত এক গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানে শপথ গ্রহণ করেছেন । রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয় সমূহের আচার্য লক্ষ্মণ প্রসাদ আচার্য নবনিযুক্ত উপাচার্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- নিরঞ্জন রায়, শিবসাগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- মহাদেব পাটগিরি, কোকরাঝাড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- গণেশ চন্দ্রোয়ারি, জগন্নাথ বড়ুয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- জ্যোতিপ্রসাদ শইকিয়া, নগাঁও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- ডঃ হিতেশ ডেকা, উত্তর লক্ষিমপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- মুকুল বরা এবং বঙাইগাও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- তরণী চন্দ্র ডেকা শপথ গ্রহণ করেন । উল্লেখ্য- আসাম সরকার গত ১৪ই জুলাই নতুন করে উন্নীত হওয়া বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্যদের নিযুক্তির কথা ঘোষণা করেছিল ।

---------------------------------------------------------------------------------

১৯৯৯ সালের কার্গিল যুদ্ধে আত্মবলিদান দেওয়া ভারতীয় সেনার সাহস ও ত্যাগকে সম্মান জানানোর উদ্দেশ্যে আজ সমগ্র দেশে কার্গিল বিজয় দিবস উদযাপন করা হচ্ছে । পাকিস্তান ও ভারতের মধ্যে সংঘাতের পরিনতিতে বিজয় অভিযানের মাধ্যমে কার্গিল যুদ্ধে পাকিস্তানের বিরুদ্ধে জয়লাভ করার আজ ২৬ বছর পূর্ন হলো । উল্লেখ্য ভারতীয় সেনা বিজয় অভিযানের মাধ্যমে পাকিস্তানের সেনার দখলে রাখা জম্মু কাশ্মীরের কার্গিল ভূমিকে উদ্ধার করেছিল ।

---------------------------------------------------------------------------------

এদিকে এই দিবস উপলক্ষে আজ শহীদ জোয়ানদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করতে কাছাড় জেলায় বেশ কিছু কার্যসূচী গ্রহণ করা হয়েছে । কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে

আজ শিলচর ই এন ডি কলোনিতে শহীদ স্মারকে শহিদদের প্রতি শ্রদ্ধা জানানো হবে ।

এছাড়া কাছাড় জেলা বিজেপির পক্ষ থেকে শহিদদের প্রতি শ্রদ্ধা জানানো সহ দেশের প্রতি তাদের আত্মবলিদান স্মরণ করে আজ বিকেলে শিলচরে মশাল মিছিলের আয়োজন করা হয়েছে ।এই মিছিলে রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , কৌশিক রাই ও কৃষ্ণেন্দু পাল অংশ নেবেন । এছাড়া আসাম প্রদেশ বিজেপির সাংগঠনিক সম্পাদক রবীন্দ্র রাজু সহ বিজেপির অন্যান্য সদস্য কর্মীরা অংশ নেবেন ।

------------------------------------------------------------------------------------

সাংসদ তথা আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ দুদিনের হাইলাকান্দি সফরসূচী নিয়ে আজ হাইলাকান্দি আসছেন । শ্রী গগৈ দুপুর দেড়টায় কুম্ভীরগ্রাম বিমানবন্দরে এসে হাইলাকান্দির উদ্দেশ্যে রোয়ানা দেবেন ।সেখানে আমার বুথ আমার দাবী কার্যসূচীর অধীনে তিনি জানকি বাজার , আলগাপুর মকতব ও ঋষি অরবিন্দ প্রথমিক বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । এরপর তিনি নারাইনপুর বেসিক চৌরংগী তেমাথায় আয়োজিত এক জনসভায় অংশ গ্রহণ করে ভাষন দেবেন । আগামীকাল সকালে হাইলালাকান্দিতে সাংবাদিকদের সংগে মত বিনিময় করবেন ।এরপর তিনি জেলার কয়েকজন প্রবীন নাগরিকের সংগে মিলিত হয়ে শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরের উদ্দেশ্যে রোয়ানা দেবেন বলে হাইলাকান্দি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী এবং নগর ও আবাসন বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আগামীকাল শ্রীভুমি সফরে আসছেন । এদিন সকাল সাড়ে নটায় শ্রীভূমি পৌছে মন্ত্রী শ্রীবরুয়া শ্রীভূমি শহরের লঙ্গাই-তে জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের প্রকল্পের ভূমি পূজা করবেন । এরপর সকাল ১১টায় শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে মন কি বাত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।

------------------------------------------------------------------------------------

বিজেপির আসাম প্রদেশ কমিটির বেশ কয়েকটি মোর্চার নতুন সভাপতি নিযুক্তি দেওয়া হয়েছে । দলটির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়ার এসম্পর্কে জারি করা এক নির্দেশ অনুযায়ী নীলিমা দেবীকে মহিলা মোর্চা , রাকেশ দাসকে যুব মোর্চা , সুভাষ দত্তকে অবিসি মোর্চা , নবারুন মেধিকে অনুসূচিত জাতি মোর্চা , হরেন সিং বেকে অনুসূচীত জনজাতি মোর্চা , পংকজ বরবরাকে কিষাণ মোর্চা , শান্তিউস কুজুরকে

সংখ্যালঘু মোর্চা ও দুলেন নায়ককে দলের চা সম্প্রদায় মোর্চার রাজ্য সভাপতি হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে বলে আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে শিলচর এবং মহিশাসনের মধ্যে চলাচলকারী দুই জোড়া যাত্রীবাহী ট্রেনের ফ্রিকোয়েন্সি বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । অর্থাৎ শিলচর-মহিশাসন-শিলচর যাত্রীবাহী ট্রেনের চলাচল বর্তমানের সপ্তাহে দুদিন থেকে বাড়িয়ে ছ'দিন করা হয়েছে । এই রুটে ট্রেন চলাচলের ফ্রিকোয়েন্সি বৃদ্ধি পাওয়ায় নিয়মিত যাত্রী, ব্যবসায়ী, শিক্ষার্থী এবং অফিসগামী লোকেদের জন্য সহায়ক হবে । এবং এতে করে স্থানীয় অর্থনীতি ও বাজার ইত্যাদিকেও উৎসাহিত করবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে আগামী সোমবার থেকে শিলচর ও মহিশাসন উভয় দিক থেকেই সপ্তাহে ছ'দিন এই ট্রেন চলাচল করবে ।

---

আসাম ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত আর জি বড়ুয়া স্মৃতি অনুর্দ্ধ ১৬ টেষ্ট ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিণ আসান জোনের তৃতীয় ম্যাচে শ্রীভূমি জেলা গতকাল ডিমা হাসাও দলকে ১ ইনিংস ও ১৭ রানে পরাজিত করে বিজয়ী হয়েছে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার গতকালের খেলায় নাংকিউ ইয়ুথ ক্লাব ৩-২ গোলে রিয়েল ব্রাদার্স ইউনাইটেড ক্লাবকে পরাজিত করেছে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার প্রথম কোয়াটার ফাইনালের খেলা আগামী ২৮শে জুলাই রাইজিং ক্লাব ও সিংগেরবন্দ ফুটবল একাডেমীর মধ্যে অনুষ্ঠিত হবে ।

---